

কে দিল আবার আঘাত আমার দুয়ারে ।
 এ নিশীথকালে কে আসি দাঁড়ালে, খুঁজিতে আসিলে কাহারে ॥
 বহুকাল হল বসন্তদিন এসেছিল এক অতিথি নবীন,
 আকুল জীবন করিল মগন অকুল পুলকপাথারে ॥
 আজি এ বরষা নিবিড়তিমির, ঝরঝরো জল, জীর্ণ কুটীর—
 বাদলের বায়ে প্রদীপ নিবাসে জেগে বসে আছি একা রে ।
 অতিথি অজানা, তব গীতসুর লাগিতেছে কানে ভীষণমধুর—
 ভাবিতেছি মনে যাব তব সনে অচেনা অসীম আঁধারে ॥

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Kadara

Visit www.geetabitan.com for notation and other detail